যুগান্তর

তারিখ 04 APR 2007
পৃষ্ঠা ১৫ কলাম ৭

# মনিরুজ্জামান মিয়া শিক্ষা কমিশন বাস্তবায়নযোগ্য নয়

## সংবাদ সম্মেলনে অধ্যাপক আমিনুল ইসলাম

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বিশিষ্ট দার্শনিক অধ্যাপক আমিনুল ইসলাম জোট সরকারের আমলে গঠিত মনিরুজ্জামান মিঞা শিক্ষা কমিশনের সমালোচনা করে বলেছেন, শিক্ষা কমিশন হবে সামগ্রিক শিক্ষা ব্যবস্থার উন্নয়ন এবং শিক্ষার্থীর জীবন ও জীবিকা উপযোগী। আন্তর্জাতিক ও সমসাময়িক প্রসঙ্গ সামনে না রাখলে শিক্ষা ও কমিশনের মূল লক্ষ্যই দিকভ্রষ্ট হবে। বিভিন্ন সময়ের শিক্ষা কমিশন সে লক্ষ্য অর্জন করতে পারেনি। শুধু তাই নয়, সর্বশেষ শিক্ষা কমিশনও পূর্ণাঙ্গ কোন সুপারিশ করতে পারেনি। যে কারণে তা বাস্তবায়ন সম্ভব হয়নি।

তিনি মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর মানবিক গবেষণা কেন্দ্রে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন। আজ টিএসসিতে বাংলাদেশ দর্শন সমিতির 'আমাদের শিক্ষা ব্যবস্থা : শিক্ষক ও শিক্ষার্থীদের সমস্যা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারকে সামনে রেখে মঙ্গলবার ওই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি দার্শনিক অধ্যাপক আমিনুল ইসলাম। এ সময় সমিতির সাধারণ সম্পাদক সাবেক রাষ্ট্রদূত এবিএম আবদুস সালাম, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আজিজুন্নাহার ইসলাম, অ্যাডভোকেট মহিউদ্দিন আহমেদ, অধ্যাপক ফেরদৌসী বেগম, অধ্যক্ষ মুজাফফর হোসেন, অধ্যাপক রোকনুদ্দীন, ড. একেএম সালাউদ্দিন, মোঃ মাহবুবুর রহমান, একেএম ইউনুস প্রমুখ উপস্থিত ছিলেন।

আজকের সেমিনারে প্রধান অতিথি থাকবেন আইন, বিচার ও তথ্য উপদেষ্টা ব্যারিস্টার মইনুল হোসেন। সেমিনারের উদ্বোধন করবেন উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজ। অধ্যাপক আমিনুল ইসলামের সভাপতিত্বে এতে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এএসএম শাহজাহান, ইউজিসি চেয়ারম্যান অধ্যাপক ড. এম আসাদুজ্জামান প্রমুখ বক্তৃতা করবেন।